অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/26/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

চলমান COVID-19 বিশ্বব্যাপী মহামারির মধ্যে, গভর্নর কুওমো নির্মাণ ও উৎপাদন দিয়ে শুরু করে নিউ ইয়র্ক পুনরায় খোলার পর্যায়ক্রমে পরিকল্পনার রূপরেখা ব্যক্ত করেছেন

পরিকল্পনা পর্যায়ক্রমে এবং আঞ্চলিক বিশ্লেষণ এবং নির্ধারণের ভিত্তিতে বাস্তবায়ন করা হবে

পুনরায় খোলার সময় প্রতিটি পর্যায়ে রাজ্য হাসপাতালে ভর্তির হার এবং জনস্বাস্থ্য প্রভাবের নিকট পর্যালোচনা করবে এবং পরিকল্পনা সমন্বয় করবে এবং সেই সূচকগুলির উপর ভিত্তি করে অন্যান্য সিদ্ধান্ত নেবে

নিউ ইয়র্ক স্টেটে আরো 5,902 জন করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করে - যা স্টেটব্যাপী 48 কাউন্টিতে নতুন আক্রান্তের ঘটনাসহ মোট আক্রান্তের সংখ্যাকে 288,045-তে নিয়ে আসে

চলমান COVID-19 মহামারির মধ্যে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নিউ ইয়র্ক পুনরায় খোলার জন্য একটি পর্যায়ক্রমিক পরিকল্পনার রূপরেখা ব্যক্ত করেছেন এবং নির্মাণ ও উত্পাদন দিয়ে শুরু করে রাজ্যের জন্য একটি নতুন স্বাভাবিক পরিস্থিতির কল্পনা করেছেন। পরিকল্পনাটি পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হবে এবং আঞ্চলিক বিশ্লেষণ ও নির্ধারকের ভিত্তিতে করা হবে। CDC-র সুপারিশের ভিত্তিতে একটি অঞ্চল যদি একটি 14 দিনের হাসপাতালে ভর্তির হার কমে যাওয়ার অভিজ্ঞতা লাভ করে, তাহলে তারা পর্যায়ক্রমিকভাবে পুনরায় খোলার কাজ শুরু করতে পারে। এই রাজ্যে হাসপাতালে ভর্তির হার, সংক্রমণের হার এবং পজিটিভ অ্যান্টিবডি পরীক্ষার সংখ্যা, সেই সাথে সামগ্রিক জনস্বাস্থ্যের উপর প্রভাব নিকটভাবে পর্যালোচনা করছে, এবং এই সূচকগুলির উপর ভিত্তি করে পরিকল্পনাটি এবং অন্যান্য সিদ্ধান্তগুলি সমন্বয়সাধন করবে।

- ফেজ ওয়ানের অন্তর্ভুক্ত হবে কম ঝুঁকি সম্পন্ন নির্মাণ এবং উত্পাদন সংক্রান্ত ক্রিয়াকলাপ খোলা।
- ফেজ টু অগ্রাধিকার এবং ঝুঁকির স্তরের উপর ভিত্তি করে নির্দিষ্ট কিছু শিল্প খুলবে। যে ব্যবসাগুলো "বেশি অপরিহার্য" এবং কর্মস্থল ও গ্রাহকদের সংক্রমণের অন্তর্নিহিত কম ঝুঁকির মধ্যে বিবেচনা করা হয় সেগুলোকে অগ্রাধিকার দেওয়ার পাশাপাশি অন্যান্য যে ব্যবসাগুলো "কম অপরিহার্য" বা যারা সংক্রমণের একটি উচ্চতর ঝুঁকিতে আছে তাদেরকেও বিবেচনা করা হবে। সংক্রমণের হার যেমন কমবে, ব্যবসাগুলো পুনরায় চালু করার গতি বাড়ানো হবে।

- অঞ্চলটি স্থানীয় এলাকার বাইরে থেকে বিপুল সংখ্যক দর্শনার্থীদের আকৃষ্ট করে এমন আকর্ষণীয় স্থান বা ব্যবসাগুলিকে অবশ্যই চালু করবে না।
- প্রতিটি পর্যায়ের মাঝে দুই সপ্তাহ থাকবে পুনরায় খোলার প্রভাব পর্যবেক্ষণ করার জন্য এবং হাসপাতালে ভর্তির হার এবং সংক্রমণের হার বাড়ছে না তা নিশ্চিত করার জন্য।
- এই পরিকল্পনাটি, বিশেষ করে ডাউনস্টেট নিউ ইয়র্কে, মাল্টি স্টেট কোঅর্ডিনেশন সহ বাস্তবায়ন করা হবে। এই পরিকল্পনাটি ডাউনস্টেট, পাবলিক হাউজিং এবং নিম্ন আয়ের জনগোষ্ঠী, খাদ্য ব্যাংক ও শিশু পরিচর্যার জন্য গ্রীষ্মকালীন কার্যক্রমের উপর বিশেষ মনোযোগ দিয়ে পরিবহন ব্যবস্থা, পার্ক, স্কুল, সৈকত ও ব্যবসা প্রতিষ্ঠানগুলি খোলার সমন্বয়সাধনও করবে।
- পর্যায়ক্রমে পুনরায় খোলা এছাড়াও পৃথক ব্যবসা এবং শিল্প পরিকল্পনার উপর ভিত্তি করে করা হবে, যার অন্তর্ভুক্ত হবে কর্মী ও ক্রেতাদের রক্ষা করার জন্য নতুন পদক্ষেপ, শারীরিক কাজের স্থান আরো নিরাপদ এবং ব্যবসায় সংক্রমণের ঝুঁকি কম করার জন্য প্রক্রিয়াসমূহ বাস্তবায়ন করা। এই সব পরিকল্পনাগুলি প্রণয়নের জন্য প্রতিটি অঞ্চল ও শিল্পের স্থানীয় নেতাদের সঙ্গে আলোচনা করছে রাজ্য।

"আমরা রাজ্য পুনরায় খোলার জন্য এবং একটি নতুন নিউইয়র্ক পুনরায় কল্পনা করার কথা বলছিলাম, এবং তা করতে আমরা ব্যবসায়িক সিদ্ধান্তের সাথে অংশীদারিত্বে সরকারি সিদ্ধান্ত নিতে হবে," **গভর্নর কুওমো বলেন।** "প্রত্যেক ব্যবসায়ী নেতা বুঝতে পারেন যে আমরা শুধু আবার চালু করে আগের অবস্থায় এবং আগে যা করছিলাম সেখানে ফিরে যেতে পারি না - যে পরিস্থিতি তৈরি হয়েছে তার কথা বিবেচনার মধ্যে রেখে আমাদের অগ্রসর হতে হবে। তাই আমরা পর্যায়ক্রমে অর্থনীতিকে পুনরায় উন্মুক্ত করতে চলেছি, আঞ্চলিক এবং নির্দিষ্ট শিল্প সংক্রান্ত নির্ধারণ এবং CDC-র নির্দেশনার উপর ভিত্তি করে, এবং এই সব কিছুর মাঝে জনস্বাস্থ্যের প্রভাবের উপর নজরদারি অব্যাহত রাখা হয়েছে কারণ আমরা যে সব অগ্রগতি করেছি বক্ররেখাকে সমতল করে তা আমরা কিছু দিনের মধ্যে হারাতে পারি যদি আমরা সতর্ক না হই।"

পরিশেষে, গভর্নর আরও 5,902 জন নভেল করোনাভাইরাস আক্রান্তের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে মোট নিশ্চিত আক্রান্তের সংখ্যা 288,045-তে নিয়ে এসেছে। মোট 288,045 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট ইতিবাচক	নতুন ইতিবাচক
Albany	948	49
Allegany	35	0
Broome	257	6
Cattaraugus	45	0
Cayuga	47	0
Chautauqua	29	2

Chemung	106	3
Chenango	93	2
Clinton	57	3
Columbia	143	3
Cortland	28	0
Delaware	58	0
Dutchess	2,729	69
Erie	2,954	181
Essex	24	0
Franklin	14	0
Fulton	62	1
Genesee	144	3
Greene	110	3
Hamilton	3	0
Herkimer	57	1
Jefferson	60	1
Lewis	9	0
Livingston	60	2
Madison	123	2
Monroe	1,316	31
Montgomery	47	1
Nassau	34,522	724
Niagara	368	24
NYC	158,258	3,145
Oneida	384	20
Onondaga	692	28
Ontario	84	2
Orange	8,106	133
Orleans	80	5
Oswego	61	4
Otsego	60	0
Putnam	904	19
Rensselaer	242	21
Rockland	11,256	165
Saratoga	330	10
Schenectady	449	18
Schoharie	35	2
Schuyler	7	0

Seneca	38	2
St. Lawrence	167	11
Steuben	207	3
Suffolk	32,059	691
Sullivan	724	35
Tioga	71	0
Tompkins	126	0
Ulster	1,190	24
Warren	135	3
Washington	127	14
Wayne	65	0
Westchester	27,664	433
Wyoming	59	2
Yates	17	1

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন